

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৬৭

১/ বিবিধ

আরবী

لقد أصبح ابن مسعود وأمسى كريما
ضعيف

أخرجه ابن أبي حاتم عن محمد بن مسلم: أخبرني [إبراهيم بن] ميسرة قال بلغني أن ابن مسعود مر بلهو معرضا، فلم يقف، فقال رسول الله صلى الله عليه وسلم.. فذكره كما في " تفسير ابن كثير " وزاد: " ثم تلا إبراهيم بن ميسرة " وإذا مروا باللغومروا كراما " وكذا رواه ابن عساكر كما في " الدر المنثور " (5/80/81) ، والزيادة منه وهي في " ابن كثير " أيضا في رواية أخرى ساقها قبل هذه وهذا إسناد ضعيف، إبراهيم بن ميسرة تابعي ثقة، فهو مرسل. ومحمد بن مسلم وهو الطائفي صدوق يخطيء كما في " التقريب ". والحديث مما صححه الحلبيان في مختصرهما لابن كثير. هداهما الله عز وجل

বাংলা

১১৬৭। ইবনু মাসউদ (রাঃ) সকাল এবং সন্ধ্যা করেছে ভদ্র ব্যক্তি হিসেবে।

হাদীসটি দুর্বল।

হাদিসটি ইবনু আবী হাতিম মুহাম্মাদ ইবনু মুসলিম হতে, আর তিনি ইবরাহীম ইবনু মায়সারাহ হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমার নিকট পৌছেছে যে, ইবনু মাসউদ (রাঃ) খেলাকে অতিক্রম করার সময় সেখানে না

দাঁড়িয়ে মুখ ফিরিয়ে চললে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে লক্ষ্য করে উক্ত কথা বলেন।

তাফসীর ইবনু কাসীরের মধ্যে অনুরূপভাবে এসেছে। অতঃপর ইবরাহীম ইবনু মায়সারাহ পাঠ করেনঃ وَإِذَا مَرُّوا بِاللُّغُومِ مَرُّوا كِرَامًا

তারা যদি কোন অযথা বিষয়ের সম্মুখীন হয়ে যায় তাহলে একান্ত ভদ্রতার সাথে (সেখান থেকে) তারা সরে যায়। (সূরা ফুরকান : ৭২)।

অনুরূপভাবে ইবনু আসাকির বর্ণনা করেছেন যেমনটি "দুররুল মানসূর" গ্রন্থে (৫/৮০/৮১) এসেছে।

এর সনদটি দুর্বল। কারণ ইবরাহীম ইবনু মায়সারাহ একজন নির্ভরযোগ্য তবেই। অতএব হাদীসটি মুরসাল। আর মুহাম্মাদ ইবনু মুসলিম হচ্ছেন তায়েফী, তিনি সত্যবাদী কিন্তু ভুল করতেন যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

হাদিসটিকে দু’ হালীবী তাদের "মুখতাসার ইবনু কাসীর" গ্রন্থে সহীহ আখ্যা দিয়েছেন। আল্লাহ তাদের দু’জনকে হেদায়াত দান করুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72046>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন